আল্লাহ তা‘আলা বলেন, আমি কিয়ামতের দিন তিন ব্যক্তির বিরোধী থাকব

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন: আল্লাহ তা‘আলা বলেন, আমি কিয়ামতের দিন তিন ব্যক্তির বিরোধী থাকব: তাদের এক ব্যক্তি হল, যে আমার নামে প্রতিজ্ঞা করল, তারপর তা ভঙ্গ করল। আরেক ব্যক্তি হল, যে আযাদ মানুষ বিক্রি করে তার মূল্য ভোগ করে। অপর এক ব্যক্তি হল, যে কোন লোককে মজদুর
নিয়োগ করল এবং তার হতে কাজ পুরোপুরি আদায় করল, অথচ তার পারিশ্রমিক দিল না।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়েছেন যে, আল্লাহ তাআলা বলেছেন: তিন শ্রেণির মানুষের বিরুদ্ধে কিয়ামতের দিনে আমি নিজেই বাদী হব, আর যার বিরুদ্ধে আমি বাদী হব, আমি অবশ্যই তার বিরুদ্ধে ফয়সালা করব এবং তাকে পরাজিত করব। প্রথমত: যে ব্যক্তি আল্লাহর নামে শপথ করে এবং অঙ্গীকার করে, তারপর তা ভঙ্গ করে এবং বিশ্বাসঘাতকতা করে। দ্বিতীয়ত: যে ব্যক্তি একজন স্বাধীন ব্যক্তিকে দাস হিসেবে বিক্রি করে, সে তার মূল্য ভোগ করে এবং তার মূল্য খরচ করে। তৃতীয়ত: যে ব্যক্তি কাজের জন্য শ্রমিক নিয়োগ করল এবং তার কাছ থেকে কাজটি সম্পন্ন বুঝে নিল, কিন্তু তার কাজের মূল্য দিল না।

https://sunnah.global/hadeeth/bn/show/66163